# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তসাপেক্ষে কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অফিসের স্বাভাবিক কাজে ব্যাঘাত না ঘটিয়ে পবিত্র **ঈদ-উল-আযহা ২০২৫**-এর নির্ধারিত ছুটির সাথে একত্রে আগে/পরে ০২(দুই) দিন রোস্টার ছুটি ভোগ করবেন। তবে অফিসের প্রয়োজনে পবিত্র ঈদ-উল-আযহার সময় কোন কর্মকর্তা ও কর্মচারীকে রোস্টার ছুটি ভোগ করার অনুমতি দেওয়া সম্ভব না হলে সেক্ষেত্রে অফিস প্রধান অফিসের কাজকর্ম ব্যহত হবে না, এই বিবেচনায় উক্ত ছুটি বছরের যে কোন সময় ভোগ করার অনুমতি প্রদান করতে পারবেন। বিভাগ, ইনস্টিটিউট এবং হলসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এই ছুটি শীতকালীন/গ্রীষ্মকালীন ক্লাস ছুটির সময় ভোগ করবেন।

১। অফিস প্রধানগণ সংশ্লিষ্ট অফিসের স্বাভাবিক কাজকর্ম চালু রেখে তার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের রোস্টার ছুটি মঞ্জুর করবেন।

২। যে সকল কর্মকর্তা ও কর্মচারী রোস্টার ছুটি ভোগ করবেন, তারা অফিসের স্বাভাবিক কাজে ব্যাঘাত সৃষ্টি না করে সংশ্লিষ্ট অফিস প্রধানের পূর্বানুমতিক্রমে এই ছুটি ভোগ করবেন। তবে কোন অবস্থাতেই কর্মস্থলে অনুপস্থিত থেকে পরে এই ছুটি মঞ্জুরীর আবেদন করলে তা অনুমোদনযোগ্য হবে না। এক্ষেত্রে তা বিনা অনুমতিতে অনুপস্থিতি বলে গণ্য হবে এবং এ বিষয়টি বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী নিষ্পন্ন হবে।

৩। রোস্টার ছুটির সময় অফিসের কাজকর্ম যথারীতি প্রচলিত সময়সূচি অনুসারে অব্যাহত থাকবে।

২৬/০৫/২০২৫

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়

নং রেজি/প্রশা-৩/ ৮২২৪৮ - ৩৮

তারিখ: ১২/২/১৪৩২ বঙ্গাব্দ
২৬/৫/২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।